~~220~~ 58

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 01 FEB 1995

পৃষ্ঠা 2 কলাম 7 ...

## এইচ এসসির ফলাফল পুনর্মূল্যায়ন করা হোক

এবার এইচ এসসি পরীক্ষার ফলাফল ঘোষিত হইবার পর পত্র-পত্রিকায় উক্ত ফলাফল সম্পর্কে যে সংবাদাদি প্রকাশিত হইয়াছে তাহাতে এই বিশ্বাস দৃঢ়মূল হয় যে, অনেক ছাত্র-ছাত্রীই সঠিক ফল পায় নাই। আমার পুত্রের (রোল নং ঢাকা কলেজ ১০৩৬২৯) ক্ষেত্রেও তাহা হইয়াছে। খোঁজ নিয়া জানিয়াছি তাহার পদার্থবিদ্যার ব্যবহারিক পরীক্ষায় পরীক্ষকগণ প্রথম ও দ্বিতীয় উভয় ক্ষেত্রে ২৫ করিয়া দেওয়া সত্ত্বেও কম্পিউটারের দৌলতে দেখা যাইতেছে সে পাইয়াছে যথাক্রমে ২৩ ও ১১। এইরূপ ভুল তাহার অন্যান্য পত্রের নম্বরের বেলায়ও হইয়াছে বলিয়া আমার বিশ্বাস। এমতাবস্থায় বুয়েট ও বিশ্ববিদ্যালয়গুলিসহ অন্যান্য উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ভর্তি প্রক্রিয়া শুরু হইবার পূর্বেই এবারের এইচএসসি পরীক্ষার ফলাফল পুনঃপরীক্ষা করার জন্য শিক্ষা বোর্ডসমূহের চেয়ারম্যানগণ এবং শিক্ষা সচিব ও শিক্ষামন্ত্রীর নিকট আবেদন জানাইতেছি।

—মোঃ ইমদাদুল হক ৪৬২ দক্ষিণ গোড়ান ঢাকা-১২১৯।